**AKASHVANI (Kolkata)**
**Regional News Unit**

**Date : 13-06-24** **Desk in Charge :**

**Time : 7-35 AM** **Compiling :**

**<u>Morning /Day /Evening National/ Regional/ General</u>**

**Opening Announcement –** আকাশবাণী / খবর পড়ছি –

## বিশেষ বিশেষ খবর –

১/ রাজ্যে শিল্প বিনিয়োগে গতি আনতে আজ শিল্প মহলের সঙ্গে বৈঠকে বসছেন মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি।

২/ প্রতিকূল আবহাওয়ার দরুণ ফসল নষ্ট হওয়ায়, রাজ্যের ২'লক্ষ ১০ হাজার কৃষককে অর্থ সহায়তা দিচ্ছে রাজ্য সরকার। # কৃষক বন্ধু-নতুন প্রকল্পেও ছাড়া হচ্ছে টাকা।

৩/ ভোট প্রক্রিয়ায় অনিয়মের অভিযোগ তুলে রাজ্যের চার লোকসভা কেন্দ্র নিয়ে বিজেপি আদালতের দ্বারস্থ হচ্ছে।

৪/ ভোট পরবর্তী হিংসা রুখতে রাজ্য বাড়ছে কেন্দ্রীয় বাহিনী থাকার মেয়াদ।

৫/ দক্ষিণবঙ্গে ভ্যাপসা গরম ও অস্বস্তিকর আবহাওয়া থেকে এখনই রেহাই মিলবে না বলে আবহাওয়া দপ্তর জানিয়েছে।

# রাজ্য সরকার, বিদ্যালয় কর্তৃপক্ষকে প্রয়োজনে সময়সূচী পরিবর্তন করে সুবিধামতো পঠন-পাঠন চালাতে বলেছে।

*****************************************************************

রাজ্যে শিল্প বিনিয়োগে গতি আনতে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি আজ শিল্প মহলের সঙ্গে বৈঠকে বসছেন। নবান্ন সভাঘরে নির্ধারিত এই বৈঠকে রাজ্য সরকারের বিভিন্ন দফতর ছাড়াও বিভিন্ন শিল্পপতি, বণিক সভার প্রতিনিধিদের ডাকা হয়েছে। প্রশাসনিক সূত্রে জানা গেছে, লোকসভা ভোটের কারণে অন্যান্য ক্ষেত্রের মত রাজ্যের শিল্প ও বিনিয়োগের বিভিন্ন প্রকল্প ব্যাহত হয়েছে। নতুন শিল্প স্থাপনে উৎসাহ দিতে চালু হওয়া একাধিক ইনসেনটিভ প্রকল্পের সুবিধাও থমকে গেছে নির্বাচনী আচরণবিধির কারণে। শিল্প সংস্থাগুলি যাতে দ্রুত ও যথাযথ ভাবে ওই সুবিধা পায় তা নিশ্চিত করতে মুখ্যমন্ত্রী আরো একবার নির্দেশ দিতে পারেন বলে মনে করা হচ্ছে।

উল্লেখ্য, চলতি বছরের নভেম্বরে রাজ্যে বিশ্ব বঙ্গ বাণিজ্য সম্মেলনের আসর বসবে। আজকের বৈঠক থেকেই তার প্রস্তুতি শুরু করে দিতে চায় রাজ্য।

********************

চলতি রবি মরশুমে প্রতিকূল আবহাওয়ার দরুণ ফসল নষ্ট হওয়ায় রাজ্য সরকার, ২'লক্ষ ১০ হাজার কৃষককে ২৯৩ কোটি টাকা অর্থ সাহায্য দিয়েছে। বাংলা শস্য বীমা প্রকল্পের আওতায় এই সুবিধা দেওয়া হয়েছে বলে, মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি জানিয়েছেন। কৃষক বন্ধু-নতুন প্রকল্পে, রাজ্যের এক কোটি পাঁচ লক্ষের বেশী কৃষক ও বর্গাদারদের ২'হাজার ৯০০ কোটি টাকার অর্থ সহায়তা ছাড়াও আলাদাভাবে এই টাকা সরাসরি কৃষকদের অ্যাকাউন্টে পাঠিয়ে দেওয়া হচ্ছে।

গতকাল নিজের এক্স হ্যান্ডেলে মুখ্যমন্ত্রী লিখেছেন, ২০১৯ সালে সূচনার পর থেকে এ'পর্যন্ত ৩'হাজার ১৩৩ কোটি টাকা কৃষকদের কাছে পৌঁছে গেছে।

********************

কুয়েতে ভয়াবহ অগ্নিকান্ডে ভারতীয়দের প্রাণহানির ঘটনায় রাজ্য সরকার, কর্মসূত্রে সেখানে থাকা বাংলার পরিযায়ী শ্রমিকদের খোঁজখবর নেওয়ার কাজ শুরু করেছে। ইতিমধ্যেই মুখ্যসচিব ভগবতী প্রসাদ গোপালিকাকে দিল্লিতে রেসিডেন্ট কমিশনারের মাধ্যমে বিদেশ মন্ত্রকের সঙ্গে নিয়মিত যোগাযোগ রাখতে বলা হয়েছে। মুখ্যমন্ত্রী

মমতা ব্যানার্জি গত সন্ধ্যায় নিজের এক্স হ্যান্ডলে এ'বিষয়ে সব ধরনের পদক্ষেপ নেওয়ার কথা বলেছেন।

উল্লেখ্য কুয়েতের দক্ষিণ ম্যানগাফ জেলার একটি শ্রমিক আবাসনে আজ আগুন লাগলে এখনও পর্যন্ত ৪৯ জনের মৃত্যু হয়েছে বলে খবর। আহত অনেকেই।

*********************

ভোট প্রক্রিয়ায় অনিয়মের অভিযোগ তুলে রাজ্যের চার লোকসভা কেন্দ্র- বসিরহাট, ডায়মন্ড হারবার, জয়নগর ও ঘাটাল নিয়ে বিজেপি আদালতের দ্বারস্থ হচ্ছে। গতকাল কলকাতায় এক সাংবাদিক বৈঠকে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী একথা জানিয়েছেন। আগামী সপ্তাহের মঙ্গল বা বুধবার প্রার্থীরা হাইকোর্টে ইলেকশান পিটিশন দাখিল করবেন বলে তিনি জানান। পাশাপাশি কোচবিহার লোকসভা কেন্দ্রেও গণনা নিয়ে অভিযোগ রয়েছে। তা' খতিয়ে দেখতে আগামী শনিবার তিনি নিজে কোচবিহার যাচ্ছেন বলে জানিয়েছেন শুভেন্দু।

দলের সংগঠনে তাঁর কোনো ভূমিকা নেই বলেও মন্তব্য করেন তিনি।

*********************

বিজেপিকে হারাতে কোচবিহার আসনে ১০০ টির'ও বেশী EVM পরিবর্তন করা হয়েছে বলে আশঙ্কা প্রকাশ করেছেন পরাজিত বিজেপি প্রার্থী নিশীথ প্রামাণিক। ভোটের ফল প্রকাশের পর গতকালই তিনি প্রথম জেলা কার্যালয়ে আসেন। পর্যালোচনা বৈঠক শেষে গতকাল সাংবাদিক সম্মেলনে নিশীথ প্রামাণিক বলেন, বেশ কিছু বুথে ফর্ম ১৭-সির সঙ্গে EVM-এর নম্বর মেলেনি। পাশাপাশি সংখ্যালঘু অধ্যুষিত বুথে ব্যাপক ছাপ্পার'ও অভিযোগ তোলেন তিনি। বিষয়টি নিয়ে তিনি আদালতের দ্বারস্থ হবেন বলেও নিশীথবাবু জানিয়েছেন।

*********************

ভোট পরবর্তী হিংসা রুখতে রাজ্যে বাড়ছে কেন্দ্রীয় বাহিনী থাকার মেয়াদ। আগামী ২১ জুন পর্যন্ত কেন্দ্রীয় বাহিনী রাজ্যে থাকবে বলে গতকাল নির্দেশ দিয়েছে কলকাতা হাইকোর্টের ডিভিশন বেঞ্চ। এর আগে নির্বাচন কমিশনের তরফে সিদ্ধান্ত নেওয়া হয়েছিল যে ১৯ জুন পর্যন্ত বাংলায় কেন্দ্রীয় বাহিনী রাখা হবে।

এদিকে, ভোট পরবর্তী হিংসার অভিযোগে জনস্বার্থ মামলা করেছিলেন রাজ্যের বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী। এখনই যাতে কেন্দ্রীয় বাহিনী রাজ্য থেকে প্রত্যাহার না করা হয়, তার অনুরোধ জানিয়েছিলেন তিনি। বিচারপতি হরিশ ট্যান্ডন এবং বিচারপতি হিরণ্ময় ভট্টাচার্যের ডিভিশন বেঞ্চ মামলার শুনানি গ্রহণ করে ভোট পরবর্তী হিংসা পরিস্থিতির মোকাবিলায় রাজ্য পুলিশ কী কী পদক্ষেপ করেছে, তা জানাতে রাজ্যকে নির্দেশ দিয়েছেন। ১৪ জুনের মধ্যে সেই রিপোর্ট জমা দিতে হবে। ১৮ তারিখ এই মামলার পরবর্তী শুনানি।

বিজেপি আদালতের এই নির্দেশকে স্বাগত জানিয়েছে। বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী এক সোশ্যাল মিডিয়া বার্তায় বলেন, মমতা ব্যানার্জি এবং তৃণমূল কংগ্রেসের নেতৃত্বে ভোট পরবর্তী হিংসা অব্যাহত রয়েছে। আদালত তাদের এই প্রচেষ্টাকে রুখতে নির্দেশ দিয়েছে। ফলাফল ঘোষণার পর থেকে বিজেপি কর্মীদের ওপর হিংসার বিরুদ্ধে আদালত শাসক দলকে সতর্ক করেছে বলেও তিনি উল্লেখ করেন।

********************

দক্ষিণ ২৪ পরগণার ক্যানিং পূর্ব বিধানসভার তামুলদাতে এক তৃণমূল কংগ্রেস কর্মীকে পিটিয়ে হত্যার অভিযোগ উঠেছে দুষ্কৃতীদের বিরুদ্ধে। গতকাল গভীর রাতে এই ঘটনাটি ঘটে। ওই তৃণমূল কর্মীর নাম রবীন্দ্রনাথ মন্ডল। এলাকার বিধায়ক শওকত মোল্লা জানান, তার শরীরের বিভিন্ন জায়গায় আঘাত আছে।

********************

দলীয় কর্মসূচীর পাশাপাশি রাজ্যের পুরমন্ত্রী ফিরহাদ হাকিম শিলিগুড়ি সফরের সার্বিক উন্নয়ন নিয়ে গতকাল মেয়র গৌতম দেবের সঙ্গে বৈঠক করেছেন। শহরে পানীয় জল, যানজট সমস্যা ও জঞ্জাল পরিস্কার করা নিয়ে দীর্ঘ আলোচনা হয়েছে বলে পুরমন্ত্রী ফিরহাদ হাকিম জানিয়েছেন। এই সমস্যাগুলি গুরুত্ব সহকারে খতিয়ে দেখে খুব শীঘ্রই সমাধানের আশ্বাস দিয়েছেন পুরমন্ত্রী। শিলিগুড়িকে আধুনিক শহরে পরিণত করা সরকারের লক্ষ্য বলেও তিনি জানিয়েছেন।

*******************

নিয়োগ দুর্নীতির আবহের মধ্যেই রাজ্য প্রাথমিক শিক্ষা পর্ষদ আগামী মাসের শুরুতেই ২০২৩ এর প্রাথমিক শিক্ষক নিয়োগের টেট পরীক্ষার রেজাল্ট প্রকাশ করার সিদ্ধান্ত নিয়েছে। দিনক্ষণ না জানানো হলেও মাসের প্রথম সপ্তাহেই পরীক্ষার ফলাফল পর্ষদের ওয়েবসাইটে আপলোড করা হবে বলে জানা গিয়েছে।

উল্লেখ্য, গত বছরের ২৪ শে ডিসেম্বর অনুষ্ঠিত এই পরীক্ষায় বসেছিলেন রাজ্যের দুই লক্ষ ৭২ হাজার পরীক্ষার্থী।

*******************

'লিপ্‌স অ্যান্ড বাউন্ডস' সংস্থা থেকে ১৪৮ কোটি টাকার সম্পত্তি বাজেয়াপ্ত করেছে ED । প্রাথমিকে নিয়োগ দুর্নীতি মামলায় গতকাল ED কলকাতা হাইকোর্টে রিপোর্ট দিয়ে একথা জানিয়েছে। ওই সম্পত্তির বাজার মূল্য অন্তত ২৫০ কোটি টাকা বলে কেন্দ্রীয় তদন্তকারী সংস্থা জানিয়েছে। তবে ওই সংস্থা ও তার ডিরেক্টরদের সম্পত্তির পরিমাণ এত কম কেন তা নিয়ে ED-র উদ্দেশে প্রশ্ন করেন বিচারপতি অমৃতা সিনহা। ওই টাকার উৎস খতিয়ে দেখা হয়েছে কিনা তাও জানতে চান তিনি। তদন্তকারী আধিকারিকদের কয়েকজনের ভূমিকা নিয়েও অসন্তোষ প্রকাশ করেন বিচারপতি। CBI ও ED-কে নতুন করে রিপোর্ট দেওয়ার নির্দেশ দিয়েছেন তিনি।

উল্লেখ্য, ED আগেই একটি বিবৃতিতে জানিয়েছিল, তৃণমূলের সর্বভারতীয় সাধারণ সম্পাদক অভিষেক 'লিপ্‌স অ্যান্ড বাউন্ডস' সংস্থার CEO। সংস্থার ডিরেক্টর পদের সঙ্গে যুক্ত রয়েছেন অভিষেকের বাবা-মাও।

*******************

দক্ষিণ পশ্চিম মৌসুমী বায়ু একই জায়গায় থমকে থাকায় দক্ষিণবঙ্গে ভ্যাপসা গরম ও অস্বস্তিকর আবহাওয়া থেকে এখনই রেহাই মিলবে না বলে আলিপুর আবহাওয়া দপ্তর জানিয়েছে।

পশ্চিমের তিন জেলা–পুরুলিয়া, বাঁকুড়া ও পশ্চিম মেদিনীপুরে আগামী শুক্রবার পর্যন্ত তাপপ্রবাহ জনিত পরিস্থিতির কমোলা সতর্কতা জারী করা হয়েছে। বিভিন্ন জেলায় বিক্ষিপ্তভাবে বজ্রবিদ্যুৎ সহ বৃষ্টি হলেও তা' বর্ষার বৃষ্টি নয়। কলকাতা,

হাওড়া ও দুই ২৪ পরগনা বাদে দক্ষিণবঙ্গের সব জেলাতেই ঘর্মাক্ত পরিস্থিতি বজায় থাকবে। তবে, আজ থেকে পরিস্থিতির কিছুটা পরিবর্তন হবে। প্রায় সব জেলাতেই হাল্কা থেকে মাঝারি বৃষ্টির পূর্বাভাস দেওয়া হয়েছে।

এদিকে, উত্তরবঙ্গের জলপাইগুড়ি, আলিপুরদুয়ার এবং কোচবিহারে আগামী দু-দিন থাকছে ভারী থেকে অতিভারী বৃষ্টির লাল সতর্কতা। অন্যান্য জেলাতেও চলবে ভারী বৃষ্টি।

*******************

দক্ষিণবঙ্গে চলতি তাপপ্রবাহ জনিত পরিস্থিতিতে রাজ্য সরকার, সব সরকারি ও সরকারি সাহায্যপ্রাপ্ত বিদ্যালয় কর্তৃপক্ষকে প্রয়োজনে সময়সূচী পরিবর্তন করে সুবিধামতো পঠন-পাঠন চালাতে বলেছে। কোথায় কত তাপমাত্রা বা তাপপ্রবাহ জনিত পরিস্থিতি, তা' বিবেচনা করে স্কুল কর্তৃপক্ষকেই সিদ্ধান্ত নিতে হবে।

স্থানীয় আবহাওয়ার উপরে নির্ভর করে সময় পরিবর্তন করলে পড়াশুনা এবং মিড ডে মিল সরবরাহ করার ক্ষেত্রে যাতে কোন সমস্যা না হয়, শিক্ষা দপ্তর থেকে জারি করা নির্দেশিকায় সেই বিষয়টি দেখার কথাও বলা হয়েছে।

উল্লেখ্য দীর্ঘ গরমের ছুটির পরে গত ১০ তারিখ থেকে রাজ্যের বিদ্যালয়গুলিতে পঠন পাঠন শুরু হয়েছে।

বঙ্গীয় প্রাথমিক শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক আনন্দ হাণ্ডা জানান, এপ্রিল মাস থেকেই দক্ষিণ বঙ্গের কয়েকটি জেলায় প্রাথমিকে সকালে স্কুল চলছে। সর্বত্র সকাল স্কুল চালু রাখার এবং স্কুলে পর্যাপ্ত পাখা, জল এবং ORS ব্যবস্থার পাশাপাশি শিক্ষক সংগঠনের সঙ্গে ধারাবাহিক আলোচনা করার দাবি জানান তিনি।

শিক্ষানুরাগী ঐক্য মঞ্চ'ও এই নির্দেশিকাকে স্বাগত জানিয়েছে। মঞ্চের সাধারণ সম্পাদক কিংকর অধিকারী, বাস্তব পরিস্থিতি অনুযায়ী ৬৫ দিনের পরিবর্তে আগের মতো স্কুলে ৮৫ টি ছুটি ফিরিয়ে দেওয়া এবং স্বাধীনভাবে সেই নির্দিষ্ট সংখ্যক ছুটি পরিস্থিতি অনুযায়ী নিতে পারে, তার স্বাধীনতা দেওয়ার দাবি জানান।

*******************

সবরকম পরিস্থিতি অনুকূল থাকলে আগামী বছরের গোড়ার দিকেই ঘাটাল মাস্টার প্ল্যান কনস্ট্রাকশনের কাজ শুরু করা হবে বলে ঘাটালের সাংসদ দীপক অধিকারী

ওরফে দেব জানিয়েছেন। গতকাল এক সাংবাদিক বৈঠকে তিনি বলেন, আগামী আট মাসের মধ্যে ঘাটাল মাস্টার প্ল্যানের টেন্ডার ডাকার পরিকল্পনা রয়েছে। পাঁচ বছরের মধ্যে কাজ শেষ করা হবে। তার আগে প্রকল্পের কাজ সম্পন্ন করা যায় কিনা, তাও বিবেচনা করে দেখা হচ্ছে।

এ'ব্যাপারে সেচ দপ্তরের সঙ্গে আলোচনা হয়েছে বলে তিনি জানান।

*******************

বেহালার বুড়োশিবতলায় একটি পেট্রোল পাম্পে হামলা চালানোর অভিযোগ উঠেছে দুষ্কৃতীদের বিরুদ্ধে। গতরাতে বেশ কিছু ব্যক্তি পেট্রোল পাম্পের কর্মীদের মারধোরের পাশাপাশি দাঁড়িয়ে থাকা গাড়ি ভাঙ্গচুর করে। সিসি টিভিতে তান্ডবের ছবি ধরা পড়ে। খবর পেয়ে বেহালা থানার পুলিশ সেখানে যায়। ঘটনার তদন্ত শুরু হয়েছে।

*******************

চিকিৎসায় গাফিলতিতে রোগী মৃত্যুর অভিযোগ উঠেছে বাঁকুড়ার বিষ্ণুপুর সুপার স্পেশালিটি হাসপাতালে। সোনামুখী থানার ডিহিপাড়া গ্রাম পঞ্চায়েতের বীড়-চন্দ্রপুরের বাসিন্দা বছর ৮৫-র নারায়ন কর্মকার গত মঙ্গলবার শ্বাসকষ্ট- জনিত সমস্যা নিয়ে হাসপাতালে ভর্তি হয়েছিলেন। সেসময়ে একজন চিকিৎসক তাঁকে একবার দেখলেও, পরের ২৪ ঘন্টায় কোনো চিকিৎসক রোগীকে দেখতে আসেননি। এর জেরে গতকাল সকালে রোগীর মৃত্যু হয় বলে পরিবারের অভিযোগ। বিষয়টি খতিয়ে দেখে ব্যবস্থা নেওয়ার আশ্বাস দিয়েছেন হাসপাতাল সুপার। এর আগেও ওই হাসপাতালের বিরুদ্ধে চিকিৎসায় গাফিলতির একাধিক অভিযোগ উঠেছে।

*******************

কার্সিয়াং-এ ট্রয় ট্রেনের ধাক্কায় গতকাল এক তরুণের মৃত্যু হয়েছে।
সূর্য রাওয়াত নামে বছর ১৮-র ওই তরুণ কার্শিয়াং-এরই বাসিন্দা। গতকাল কার্সিয়াং স্টেশনে এই দুর্ঘটনা ঘটে। ঘটনাস্থলেই তার মৃত্যু হয়। খবর পেয়ে পুলিশ সেখানে যায়। দেহটি ময়না তদন্তের জন্য পাঠানো হয়েছে।

*******************

আন্তর্জাতিক যোগ দিবস পালনের জন্য নদীয়া জেলায় সীমান্ত রক্ষী বাহিনী BSF-এর তরফে জোর কদমে প্রস্তুতি শুরু হয়েছে। ভারত বাংলাদেশ সীমান্তের চাপড়ার

মহৎপুরে গতকাল যোগ অনুশীলনে অংশ নেন BSF-এর ৩০০-র বেশী জওয়ান, আধিকারিক ও তাঁদের পরিবারের সদস্যরা। যোগ চর্চা নিয়ে প্রধানমন্ত্রীর লক্ষ্যকে বাস্তবায়িত করতে BSF-এর পক্ষ থেকে এই উদ্যোগ বলে ৩২ নম্বর ব্যাটেলিয়ানের কম্যান্ড্যান্ড সুজিত কুমার আকাশবাণীকে জানিয়েছেন।

********************

ইডেনে গতকাল বেঙ্গল প্রো T-20 লিগে পুরুষদের ম্যাচে স্ম্যাশার্স মালদা ছয় উইকেটে মেদিনীপুর উইজার্ডকে হারিয়ে দিয়েছে।

সল্টলেকের যাদবপুর বিশ্ববদ্যালয়ের মাঠে মহিলাদের ম্যাচে হারবার ডায়মন্ডস আট উইকেটে শিলিগুড়ি স্ট্রাইকার্সকে পরাজিত করেছ।

***************************************************************